রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ২৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৮, ২০১৩

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৭৩—৪৭৬ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯২৭—৯৬০ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১২৩—১৬৬ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ৩৩—৫৬ | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯১৫—৯৩২ | (৬) . . . . . . ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়

### আদেশ

তারিখ, ২ আষাঢ় ১৪২০/১৬ জুন ২০১৩

**নং বাসককস/প্রশা/পি৩-২০/৮৯-৬৩৭**—যেহেতু, আপনি জনাব মোঃ আব্দুর রউফ, প্রশাসনিক কর্মকর্তা (সাময়িকভাবে বরখাস্ত) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের প্রশাসন-৩ শাখায় কর্মরত থাকা অবস্থায় গত ০৯-০৭-২০১০ তারিখে অনুষ্ঠিত সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে বিজি প্রেসের কতিপয় কর্মকর্তা/কর্মচারীসহ আপনাকে পুলিশ গ্রেফতার করে রিমান্ডে নেয়। উক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে গঙ্গাছড়া থানা, রংপুরে এ বিষয়ে একটি মামলা [মামলা নং ১১(৭)১০] দায়ের করা হয়।

যেহেতু, পুলিশ সুপারের কার্যালয়, রংপুর হতে ১৭-০৭-২০১০ তারিখের ১৭১ (৩)/গোয়েন্দা শাখা নং স্মারকে উল্লেখ রয়েছে বর্ণিত মামলায় গ্রেফতারকৃত এজাহারভুক্ত আসামী হিসেবে আপনাকে গ্রেফতার করে আদালতে প্রেরণ করা হয় এবং আপনি জেল হাজতে আটক ছিলেন; এবং

যেহেতু, প্রশ্নপত্র ফাঁসের সংবাদ সেই সময় দৈনিক প্রথম আলো, দৈনিক ইত্তেফাক ও ডেইলী স্টার পত্রিকায় ছবিসহ প্রকাশিত হয় এবং বিভিন্ন টিভি চ্যানেলেও উক্ত সংবাদ পরিবেশন করা হয়; এবং

যেহেতু, আপনি গত ২৪-৬-২০১০ তারিখ হতে ০৮-৭-২০১০ তারিখ পর্যন্ত শ্রান্তি বিনোদন ছুটি ভোগ শেষে (০৯-৭-২০১০ ও ১০-৭-২০১০ তারিখ সাপ্তাহিক ছুটি) ১১-৭-২০১০ তারিখে কর্মস্থলে যোগদান করার করা থাকলেও আপনি কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

যেহেতু, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা হতে ১৪-১১-২০১১ তারিখের ২২৭৬৪ নং স্মারকে বর্ণিত অভিযোগ অনুসন্ধানের স্বার্থে আপনার চাকুরীতে যোগদানের তারিখ, চাকুরীকালীন সময়ে স্থাবর সম্পদ অর্জনে বিভাগীয় অনুমোদন গ্রহণ, জি.পি. এফ হতে উত্তোলিত টাকার পরিমাণ, পরিশোধের পদ্ধতি, অপরিশোধিত টাকার পরিমাণ এবং চাকুরীকালীন সময়ে বেতন ভাতাদি হতে প্রাপ্ত অর্থ সংক্রান্ত তথ্যাদি চাওয়া হয়; এবং

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত সকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি)অনুযায়ী অসদাচরণ (miscondut), বিধি ৩(সি) অনুযায়ী কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ (desertion) এবং বিধি ৩(ডি) অনুযায়ী দুর্নীতি পরায়ন (corrup) এর অভিযোগে আপনাকে অভিযুক্ত করে বিভাগীয় মামলা ( মামলা নং ০১/২০১২) রুজু করা হয় এবং ১০(দশ) কার্য দিবসের মধ্যে উহার লিখিত জবাব দাখিলের নির্দেশ দেওয়া হয়; এবং

যেহেতু, আপনি অভিযোগনামার জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী প্রদানে অনাগ্রহ প্রকাশ করেন; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) (সি) ও (ডি) অনুযায়ী অভিযুক্ত হওয়ার বিষয়টি তদন্তের জন্য এ সচিবালয়ের ২৮ নভেম্বর, ২০১২ তারিখের ১২৩৮ নং স্মারকে আইন কর্মকর্তা জনাব মোঃ মাহবুবুর রহমান ফারুকীকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত কাজ সম্পাদন করে ০১-০৪-২০১৩ তারিখে সিদ্ধান্তসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন আপনার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও (সি) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

যেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুয়ায়ী আপনাকে চাকুরী হতে বরখাস্ত-করণের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে মর্মে ১৭ এপ্রিল, ২০১৩ তারিখের বাসককস/প্রশা/পি ৩-২০/৮৯-৩৭২ নং স্মারকে ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয় এবং ৭(সাত) কার্যদিবসের মধ্যে উহার জাবাব দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ২৮-৪-২০১৩ তারিখ ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন (ডাইরী নং ১৬৫২), যা কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হয়নি; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুযায়ী আপনাকে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করার কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিষয়ে মতামত প্রদানের জন্য ১৪ মে, ২০১৩ তারিখের বাসককস/প্রশা/পি৩-২০/৮৯-৫১৬ নং স্মারকে সরকারি কর্ম কমিশনে পত্র প্রেরণ করা হয়। সরকারি কর্ম কমিশন ২৮ মে, ২০১৩ তারিখের বাসককস/ইউ-৪/ডি-২/২০১৩/৫৭ নং স্মারকের মাধ্যমে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে; এবং

যেহেতু আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব এবং রেকর্ড পত্রাদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণ এবং বিধি ৩(সি) অনুযায়ী বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

সেহেতু আপনি জনাব মোঃ আব্দুর রউফ, প্রশাসনিক কর্মকর্তা (সাময়িকভাবে বরখাস্ত)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণ এবং ৩(সি) অনুযায়ী বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আপনাকে একই বিধিমালার ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হ'ল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এ. টি. আহমেদুল হক চৌধুরী,** পিপিএম
চেয়ারম্যান।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**

**শাখা-সেল**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৩ মার্চ ২০১৩

**নং মশিবিম/শা-সেল/৭/৯৯/১৩৭**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, জামালপুর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার জামালপুর জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| (১) | বেগম হাসিনা বেগম, স্বামী আমানউল্লা আকাশ, সাং দেওয়ানপাড়া, জামালপুর। | সদস্য |
| (২) | বেগম রাশিদা ফারুকী, স্বামী মাহমুদুল হক ফারুকী, সাং ফুলবাড়ীয়া, মুন্সিপাড়া, জামালপুর। | চেয়ারম্যান |
| (৩) | বেগম লাইলী বেগম, স্বামী সামছুর রহমান, সাং মুকন্দবাড়ী, জামালপুর। | সদস্য |
| (৪) | বেগম সাঈদা আক্তার, স্বামী মোঃ ফুরহান, সাং পাথালিয়া, জামালপুর। | সদস্য |
| (৫) | বেগম আয়শা পারভীন, স্বামী রুহুল আমীন, সাং ইকবালপুর, জামালপুর। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ২নং ক্রমিকের বেগম রাশিদা ফারুকী উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০১-৪-২০১২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ায় পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদেরকে পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-সেল/৭/৯৯/১৩৮**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, বরগুনা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার বরগুনা জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | নাম | ঠিকানা | ক্যাটাগরী | পদবী |
|---|---|---|---|---|
| (১) | মিসেস হোসনেয়ারা চম্পা,<br>স্বামী ঃ জনাব আঃ মালেক খান | কলেজ ব্রাঞ্চ রোড, বরগুনা। | ১০(১)(ছ)<br>বিশিষ্ট মহিলা | সভাপতি |
| (২) | মিসেস মাধবী দেবনাথ<br>স্বামী ঃ জনাব ধীরেন্দ্র চন্দ্র দেবনাথ | হাইস্কুল সড়ক, বরগুনা। | ১০(১)(ঙ)<br>সমাজসেবা | সদস্য |
| (৩) | মিসেস ইয়াসমীন কবির<br>স্বামী ঃ জনাব মোঃ জাহাঙ্গীর কবির | হাইস্কুল সড়ক, বরগুনা। | ১০(১)(ছ)<br>বিশিষ্ট মহিলা | সদস্য |
| (৪) | মিসেস নিলুফা বেগম মেরী<br>স্বামী ঃ জনাব মুন্সী গোলাম মোস্তফা | নজরুল ইসলাম সড়ক,<br>বরগুনা। | .. | সদস্য |
| (৫) | মিসেস সামসুন নাহার ফরিদা<br>স্বামী ঃ জনাব মোঃ শাহজাহান প্যাদা | চর কলোনী, বরগুনা। | ১০(১)(ঘ)<br>শিক্ষিকা | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মিসেস হোসনেয়ারা চম্পা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-১২-২০১২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ায় পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদেরকে পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-সেল/৭/৯৯/১৩৯**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, কুষ্টিয়া এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার কুষ্টিয়া জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | ক্যাটাগরী | পদবী |
|---|---|---|---|
| (১) | বেগম নূরজাহান, স্বামী ঃ মৃত ওয়াজেদ আলী, নূর মঞ্জীল, আমলাপাড়া, কুষ্টিয়া। | ১০(১)(ছ)<br>বিশিষ্ট মহিলা | চেয়ারম্যান |
| (২) | মিসেস নূরী, স্বামী ঃ মোঃ জিন্না হক, ২৯, স্যার ইকবাল রোড, কোর্ট পাড়া, কুষ্টিয়া। | ১০(১)(ছ)<br>বিশিষ্ট মহিলা | সদস্য |
| (৩) | বেগম শাহানারা বেগম, স্বামী ঃ মৃত সোহরাব হোসেন, সাং সিরাজুল হক চৌধুরী সড়ক, মজমপুর, কুষ্টিয়া। | ১০(১)(ছ)<br>বিশিষ্ট মহিলা | সদস্য |
| (৪) | বেগম জেব-উন-নেসা, স্বামী ঃ মোঃ আব্দুর রাজ্জাক, সহকারী শিক্ষিকা, কলকাকলী মাধ্যমিক বিদ্যালয়, কুষ্টিয়া। | ১০(১)(ঘ)<br>শিক্ষিকা | সদস্য |
| (৫) | বেগম সাহানারা রশীদ ঝর্ণা, স্বামী ঃ মোঃ আমিনুর রশিদ, ২৭/২, রাম গোপাল মজুমদার লেন, থানা পাড়া, কুষ্টিয়া। | ১০(১)(ঙ)<br>সমাজসেবা | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের বেগম নূরজাহান, উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ২০-৪-২০১২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ায় পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদেরকে পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-সেল/৭/৯৯/১৪০**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, কুমিল্লা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার কুমিল্লা জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| (১) | বেগম সাইফুন্নাহার মিতা সিকদার, কুমিল্লা। | চেয়ারম্যান |
| (২) | অধ্যাপক সেলিনা রহমান, কুমিল্লা | সদস্য |
| (৩) | বেগম ছালেহা বেগম, কুমিল্লা | সদস্য |
| (৪) | বেগম ইমরুন্দা চৌধুরী (বেবি), কুমিল্লা | সদস্য |
| (৫) | বেগম ফাহমিদা রহমান, স্বামী জনাব ফয়সাল কবির, বিষ্ণুপুর, মৌলভীপাড়া, কুমিল্লা। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১ নং ক্রমিকের বেগম সাইফুন্নাহার মিতা সিকদার, কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ায় পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদেরকে পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নূর্সিয়া কমল**
সিনিয়র সহকারি সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ১০ জুলাই ২০১৩

**নং বিচার-৭/২এন-৪১/২০০৫-৫৭৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আবু বকর ছিদ্দিক, পিতা মৃত মোঃ ফজলুর রহমান, গ্রাম ইসলামাবাদ মডেল টাউন, ডাকঘর কেরানীগঞ্জ, উপজেলা কেরানীগঞ্জ, জেলা ঢাকা)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলার ৮নং জিনজিরা ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**আদেশ**

তারিখ, ২০ জুন ২০১৩

**নং বিচার-৭/২এন-৭৩/৭৮-৪৮০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ মনিরুল ইসলাম, পিতা মৃত মোঃ আছমত আলী মাস্টার, গ্রাম ছালিয়াকান্দি, ডাকঘর ছালিয়াকান্দি, উপজেলা মুরাদনগর, জেলা কুমিল্লা)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার ১৮নং ছালিয়াকান্দি ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ রবিউল আলম**
সিনিয়র সহকারী সচিব।